



## গুলিস্তানে নিষিদ্ধ আ.লীগের কেন্দ্রীয় কার্যালয়ে আগুন



সংগৃহীত ছবি

রাজধানীর গুলিস্তানে অবস্থিত ‘কার্যক্রম নিষিদ্ধ’ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে ফের অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার (১৩ নভেম্বর) দুপুরে শহীদ আবরার ফাহাদ অ্যাভিনিউয়ে এ ঘটনা ঘটে।

দলটির ঘোষিত ‘লকডাউন’ কর্মসূচি ঠেঁকাতে দুপুরের দিকে ১০ থেকে ১৫ জনের একটি দল কার্যালয়ের সামনে অবস্থান নেয়। কিছুক্ষণ পর হঠাৎ ভবনের ভেতর আগুন জ্বলতে দেখা যায়। আগুন কিছুটা নিয়ন্ত্রণে এলে বিক্ষুব্ধরা আবারও আগুন ধরিয়ে দেয় বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন।

গত বছরের ৫ আগস্ট সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার পতনের পর এই ভবনে ব্যাপক ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। সেই সময় থেকেই ভবনটি বন্ধ ও পরিত্যক্ত অবস্থায় ছিল। এদিকে, জুলাই গণঅভ্যুত্থানকালে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় শেখ হাসিনাসহ তিনজনের রায় ঘোষণাকে ঘিরে রাজধানীজুড়ে নিরাপত্তা জোরদার করা হয়েছে। একই সঙ্গে নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মসূচি প্রতিহত করতে বিএনপি, জামায়াতে ইসলামী, এনসিপি ও আরও কয়েকটি রাজনৈতিক দলের নেতাকর্মীরা রাজপথে অবস্থান নিয়েছেন।